গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
জুড়ী, মৌলভীবাজার।

## " খাস কালেকশনের জন্য ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুড়ী উপজেলাধীন ২০ একরের নিচে নিম্ন তফসিল বর্ণিত অ-ইজারাকৃত জলমহাল সমূহ ১৪২৯-১৪৩১ বাংলা সন মেয়াদে ইজারা প্রদান করা সম্ভব হয়নি বিধায় ১৪২৯ বাংলা সনের (৩০ চৈত্র, ১৪২৯) অবশিষ্ট সময়ের জন্য খাস আদায়ের কার্যক্রম গ্রহণের জন্য জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয়ের কার্যালয়ের ২১/০৬/২০২২খ্রি. তারিখের ০৫.৪৬.৫৮০০.০০৯.৬৭.০০৪.২২-৯১১ নং স্মারকে প্রেরিত ১৪/০৬/২০২২খ্রি. তারিখের মৌলভীবাজার জেলার জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার আলোকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, জুড়ী এর ২০/০৭/২০২২খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক বন্দোবস্ত/ইজারা প্রদানের (খাস আদায়) জন্য প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির নিকট হতে শর্তসাপেক্ষে দরপত্র/আবেদন আহ্বান করা যাচ্ছে। দরপত্র/আবেদনটি বদ্ধ খামে আগামী ১০/০৮/২০২২খ্রি. তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে উপজেলা ভূমি অফিস, জুড়ীতে স্থাপিত নির্ধারিত বাক্সে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। ঐ দিন বেলা: ৪.০০ ঘটিকার সময় আবেদন/দরপত্রসমূহ যাচাই-বাছাই করার জন্য সকলের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

১৪২৯ বাংলা সনে ২০ একরের নিচে অ-ইজারাকৃত জলমহাল

| ক্রঃ নং | অ-ইজারাকৃত জলমহালের নাম | তফসীল | | | সরকারি ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | মৌজা ও জেএলনং | দাগ | আয়তন (একরে) | | |
| ১ | বরইতলী ঝিল | বরইতলী-১৬৫ | ৯২৪,৯২৬,১৪৯১, ১৪৯২ | ৪.৯৯ | ১,৬৫,৬৫৬/- | |
| ২ | বাখরবন্দের খাটি | চাতলা হাওর-২১/১৭২ | ৩৮৮ | ২.০০ | ৮১৪/- | |
| ৩ | এমড়াখালি চেপ্টি বান্দ | বাছিরপুর-১৩৫ | ১৬৯৩,১৪৬১,১৬৯১ | ৭.৭১ | ৯,৯৭৫/- | |
| ৪ | স্মরণরায়ের নালা | ভবানীপুর/বাছিরপুর/ হরিরামপুর | ৪২২,৬১৭,২৭৬, ৮৩২ | ৩.৯১ | ৫,৫১২/- | |
| ৫ | কৈয়ারকোনা | নয়াগ্রাম-২৬ | ৮০৩ | ১৪.৪৫ | ৩,৫৩,৪৩০/- | |
| ৬ | রত্নাছড়া | ধামাই চা বাগান-১৩৯ | ২৬৮৩ | ৪.৪১ | ৭,৮৭৫/- | |
| ৭ | গুজিয়ালা | ধামাই চা বাগান-১৩৯ | ২৫২২,২৫০৭,২৫৯৪, ৩১২১,৩১৩৯ | ৫.৪৫ | ৯,৪৫০/- | |
| ৮ | কন্টিনালার কর | চাতলা হাওর-২১/১৭২ | ৪১৫ | ৪.৪০ | ১,২৮,৩৩১/- | |

<u>শর্তাবলী ঃ</u>

১। দরপত্র/আবেদন আগামী ০২/০৮/২০২২খ্রি. হতে ০৯/০৮/২০২২খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জুড়ী এবং অত্র কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনকে নিবন্ধন সনদ সহকারে আবেদন করতে হবে।

২। সর্বোচ্চ দরদাতা বিবেচিত হওয়া সমিতি/সংগঠনকে বিধি মোতাবেক আবেদন অনুমোদনের ৩(তিন) কার্যদিবসের মধ্যে সমুদয় অর্থ নিজ উদ্যোগে এককালীন পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে মূল্য পরিশোধে ব্যর্থ হলে সরাসরি উক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাবদ দাখিলকৃত অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

৩। ৩০ শে চৈত্র ১৪২৯ বাংলা সনের পর কোন প্রকার দায় দাবী বা ক্ষতিপূরণ দাবী গ্রহণযোগ্য হবে না।

৪। আবেদনকারী মা মাছ/ ডিমওয়ালা মাছ শিকার করতে পারবেন না। জলমহালে সেচ করে শুকিয়ে বা নিষিদ্ধ ঘোষিত কোন জাল দিয়ে মৎস্য আহরণ করতে পারবেন না।

৫। সংশ্লিষ্ট উপজেলার খাস আদায় কমিটির তত্ত্বাবধানে মৎস্য আহরণ করতে হবে।

৬। সময়মত খাস আদায়ের অর্থ পরিশোধ না করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে প্রদত্ত খাস আদায় কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিলযোগ্য হবে বা সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতির পরিপন্থী কোন কাজ করলে খাস আদায় বাতিল বলে গণ্য হবে। সর্বোচ্চ মূল্যদাতাকে দাখিলকৃত মূল্যের উপর বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।

পিঃদ্রঃ

৭। (ক) খাস আদায় বাতিলকৃত জলমহাল বিধি মোতাবেক পুনঃ ইজারা/বন্দোবস্ত প্রদান করা হবে।
(খ) মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর সমিতির সকল অধিকার বিলুপ্ত হবে। উক্ত জলমহালের সকল অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে।
(গ) খাস আদায় মেয়াদ শেষ হলে মৎস্য আহরণের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা যাবে না।

৮। কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৯। জলমহালের বিষয়ে মহামান্য হাইকোর্ট/বিজ্ঞ দেওয়ানী আদালত/ভূমি মন্ত্রণালয়/ভূমি আপীল বোর্ড/বিজ্ঞ রাজস্ব আদালতে দায়েরী মোকদ্দমায় স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ থাকলে সে ক্ষেত্রে খাস আদায় কার্যক্রম স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ নিস্পত্তি/প্রত্যাহারের পর পরিচালিত হবে।

১০। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরণের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না। এরুপ করা হলে বন্দোবস্ত বাতিল করা হবে।

১১। জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না।

১২। যে সকল জলমহাল থেকে জমিতে পানি সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। খাস আদায়ের নিমিত্ত বদ্ধ জলমহালে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে।

১৩। বর্তমান প্রচলিত নীতি এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন নিয়োজিত সমিতি মানতে বাধ্য থাকবেন। সরকার প্রয়োজনবোধে যে কোন সময় খাস আদায় কার্যক্রম বন্ধ/বাতিল করতে পারবেন। এতে কোন ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

১৫। বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত সময়সূচি অনুযায়ী সহকারী কমিশনার (ভূমি), জুড়ী এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (যে কোন তপশীলি ব্যাংক হতে) দাখিল সাপেক্ষে আবেদন ফরম ক্রয় করা যাবে। আবেদন সংগ্রহ করার সময় ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নগদ জামানত হিসেবে রাখতে হবে (ফেরতযোগ্য)।

০১/০৮/২০২২

(রতন কুমার অধিকারী)
সহকারী কমিশনার (ভূমি)
জুড়ী, মৌলভীবাজার।
ও
আহ্বায়ক
খাস কালেকশন কমিটি।

স্মারক নং- ৩১.৬০.৫৮১৪.০০০.০৫.০০১.১৮-২৬৩

তারিখঃ ০১/০৮/২০২২ খ্রি.।

অনুলিপি (সদয় অবগতি/জ্ঞাতার্থে) :
১। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
২। একান্ত সচিব, পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ শাহাব উদ্দিন, এমপি মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী, মৌলভীবাজার।
৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, জুড়ী।
৬। উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী ।
৭। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী ।
৮। অফিসার ইন চার্জ, জুড়ী থানা।
৯। উপ-সহকারী কৃষি কর্মকর্তা,.....................(সকল), জুড়ী ।
১০। চেয়ারম্যান..................................ইউ.পি (সকল) বড়লেখা।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.........................(সকল), জুড়ী। তাকে স্থানীয় হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
১২। নোটিশ বোর্ড।
১৩। অফিস কপি।